



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

Website: www.bb.org.bd

ফাইন্যান্স কোম্পানি প্রবিধি ও নীতি বিভাগ

এফসিআরপিডি সার্কুলার লেটার নং-১৭

১২ অক্টোবর ২০২৬

তারিখ: _____

২৭ আশ্বিন ১৪৩৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা

বাংলাদেশে কার্যরত সকল ফাইন্যান্স কোম্পানি।

প্রিয় মহোদয়,

শারদীয় দুর্গাপূজা ২০২৬ উপলক্ষে ফাইন্যান্স কোম্পানিসমূহ বন্ধ ও খোলা রাখা প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, জনপ্রশাসন মন্ত্রণালয়, বিধি-৬ শাখার ০৭ অক্টোবর ২০২৬ তারিখের স্মারক নং- ০৫.০০.০০০০.০০০.১৭৫. ০৮.০০২০.২৫-৯১ (কপি সংযুক্ত) এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। বর্ণিত প্রজ্ঞাপনসূত্রে আসন্ন শারদীয় দুর্গাপূজা ২০২৬ উপলক্ষে বাংলাদেশে কার্যরত ফাইন্যান্স কোম্পানিসমূহের সকল ব্যবসা কেন্দ্র, শাখা/বুথ আগামী ২০ হতে ২২ অক্টোবর ২০২৬ যথাক্রমে মঙ্গলবার, বুধবার ও বৃহস্পতিবার বন্ধ থাকবে এবং ১৭ অক্টোবর ২০২৬ শনিবার খোলা থাকবে।

৩। ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ৪১(২)(ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

আপনাদের বিশ্বস্ত,

(আবুল কালাম আজাদ)

পরিচালক (এফসিআরপিডি)

ফোন: ৯৫৩০১৭৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিধি-৬ শাখা
www.mopa.gov.bd



স্মারক নং-০৫.০০.০০০০.০০০.১৭৫.০৮.০০২০.২৫-৯১

তারিখ: ২২ আশ্বিন ১৪৩৩
০৭ অক্টোবর ২০২৬

প্রজ্ঞাপন

Allocation of Business Among The Different Ministries and Divisions (Schedule I of the Rules of Business, 1996) (Revised up to February 2024)-এর জনপ্রশাসন মন্ত্রণালয়ের অংশের ৩৭ নম্বর ক্রমিকের অনুবলে আসন্ন শারদীয় দুর্গাপূজা ২০২৬ উপলক্ষে আগামী ২০ হতে ২২ অক্টোবর ২০২৬ যথাক্রমে মঙ্গলবার, বুধবার ও বৃহস্পতিবার ছুটি থাকবে। আগামী ১৭ অক্টোবর ২০২৬ শনিবার সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত এবং বেসরকারি অফিসসমূহ খোলা থাকবে।

- ০২। (ক) জরুরি পরিষেবা যেমন- বিদ্যুৎ, পানি, গ্যাস ও অন্যান্য জ্বালানি, ফায়ার সার্ভিস, বন্দরসমূহের কার্যক্রম, পরিচ্ছন্নতা কার্যক্রম, টেলিফোন ও ইন্টারনেট, ডাক সেবা এবং এ সংশ্লিষ্ট সেবা কাজে নিয়োজিত যানবাহন ও কর্মীগণ এই ছুটির আওতা বহির্ভূত থাকবে।
(খ) হাসপাতাল ও জরুরি সেবা এবং এ সেবার সাথে সংশ্লিষ্ট কর্মীগণ এই ছুটির আওতা বহির্ভূত থাকবে।
(গ) চিকিৎসা সেবায় নিয়োজিত চিকিৎসক ও কর্মীগণ এবং ঔষধসহ চিকিৎসা সরঞ্জামাদি বহনকারী যানবাহন ও কর্মীগণ এই ছুটির আওতা বহির্ভূত থাকবে।
(ঘ) জরুরি কাজের সাথে সম্পৃক্ত অফিসসমূহ এই ছুটির আওতা বহির্ভূত থাকবে।
- ০৩। ব্যাংকিং কার্যক্রম চালু রাখার বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে।
- ০৪। আদালতের কার্যক্রমের বিষয়ে মহামান্য সুপ্রীম কোর্ট প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।
- ০৫। বেসরকারি খাতের শিল্প প্রতিষ্ঠান/কল-কারখানা ও প্রতিষ্ঠানের জন্য সাধারণ ছুটি ঘোষণার ক্ষেত্রে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ অনুযায়ী শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


মোঃ ওয়ালীউল হাসান

উপসচিব

ফোন: ০২-৪৭১২৪৩৯৫

ই-মেইল: reg6@mopa.gov.bd

স্মারক নং-০৫.০০.০০০০.০০০.১৭৫.০৮.০০২০.২৫-৯১/১(১০০)


তারিখ: ২২ আশ্বিন ১৪৩৩
০৭ অক্টোবর ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা;
০৩। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা;

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

- ০৪। সিনিয়র সচিব/সচিব (সকল), (তঁার অধীন অফিস ও সংস্থাসমূহের সংশ্লিষ্ট সকলকে অবহিত করার অনুরোধসহ);
- ০৫। পিএসও, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা;
- ০৬। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, ঢাকা (প্রচার মাধ্যমে সম্প্রচারের অনুরোধসহ);
- ০৭। অতিরিক্ত সচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়;
- ০৮। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা;
- ০৯। বিভাগীয় কমিশনার (সকল), বিভাগীয় কমিশনারের কার্যালয়;
- ১০। জেলা প্রশাসক (সকল), জেলা প্রশাসকের কার্যালয়;
- ১১। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (প্রতিমন্ত্রী-এর সদয় অবগতির জন্য);
- ১২। সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব-এর সদয় অবগতির জন্য);
- ১৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়;
- ১৪। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের কপি প্রেরণের অনুরোধসহ);
- ১৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রজ্ঞাপনটি প্রকাশের অনুরোধসহ); এবং
- ১৬। অফিস কপি।


মোঃ ওয়ালীউল হাসান
উপসচিব